



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২১ ডিসেম্বর ২০২৩

বাউবিতে শুদ্ধাচার, দায়িত্ববোধ, আচরণ ও শৃঙ্খলা, জনগণের সহিত সদাচরণ ও জবাবদিহিতা শীর্ষক প্রশিক্ষণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও শুদ্ধাচার কমিটির যৌথ উদ্যোগে বুধবার ২০ ডিসেম্বর ২০২৩ গাজীপুরস্থ ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারীতে দিনব্যাপী responsibility and accountability of employees, phase-02 শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।



বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের আচরণ ও শৃঙ্খলা, উর্ধ্বতন ও সাধারণ জনগণের সহিত সদাচরণ, শুদ্ধাচার, বাউবির আইন ও সংবিধি, আর্থিক শৃঙ্খলা ইত্যাদি বিষয়ে দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে রিসোর্সপারসন হিসেবে বাউবির ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ‘শুদ্ধাচার ও জীবন: কেন ও কীভাবে, একটিভিটি বেইজড ওয়ার্কপ্ল্যান’ এবং রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম ‘ডেকোরাম, সৌজন্যবোধ ও প্রাতিষ্ঠানিক একত্রতা, ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা।

এ প্রশিক্ষণে বাউবির ৭৬ জন কর্মচারী অংশ নেন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)